

B.A. 4th Semester (Honours) Examination, 2021

বাংলা

Course Title: বাংলা জীবনীসাহিত্যের ধারা

Course Code: 40113

Course ID: AHBNG-403-C-10

সময়ঃ ২ ঘন্টা

পূর্ণমানঃ ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।
পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো পাঁচটি প্রশ্নের দাও।

৫ x ২ = ১০

- ক) 'রবীন্দ্র জীবনকথা' গ্রন্থটির রচনাকারের জন্ম ও মৃত্যু সাল উল্লেখ করো।
- খ) রবীন্দ্রনাথের বড় দাদার নাম কী? তিনি আধুনিকতার কোনদিকের সূচনা করেছিলেন?
- গ) ".....এ ছড়াটা যেন শৈশবের মেঘদূত।" – বক্তাকে? ছড়াটা কী?
- ঘ) "আমাদের এক চাকর ছিল....." – চাকরের নাম কী? তার বাড়ি কোথায়?
- ঙ) 'আপনকথা' প্রবন্ধ গ্রন্থে মোট কতগুলি প্রবন্ধ আছে? তার প্রথম ও শেষ প্রবন্ধটির নাম লেখো?
- চ) 'আলোর কাছে বসে স্পষ্ট দেখতে পাচ্ছি.....' – আলোর কাছে বসে কে, কী দেখতে পাচ্ছেন?
- ছ) 'যশোরের এই চারটি ঘটনা শুধু আমার মনে আছে।' – যশোরের ঘটনা চারটি উল্লেখ করো।
- জ) "তাঁর একটি উপদেশ আমার আজও মনে আছে।" – এখানে তাঁর বলতে কার কথা বলা হয়েছে? তাঁর উপদেশটি কী ছিল?

২। যে-কোন দু'টি প্রশ্নের উত্তর দাও।

২ x ৫ = ১০

- ক) রবীন্দ্রনাথের আবির্ভাবের পূর্বে যে-সব সাংস্কৃতিক ঘটনা তাঁর বিকাশের পক্ষে সহায়ক হয়েছিল, তা 'রবীন্দ্র জীবনকথা' অবলম্বনে আলোচনা করো।
- খ) 'জীবনস্মৃতি' গ্রন্থের 'ঘর ও বাহির' অধ্যায়ে ঠাকুর বাড়ির শিশুদের তৎকালীন জীবনযাত্রার যে চিত্র ফুটে উঠেছে তা নিজের ভাষায় লেখো।
- গ) "যে কথা আমি মরে জেনেছি, সে কথা বেঁচে থেকে ফাঁকি দিয়ে জেনে নেবে এ হতেই পারে না।" – উক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।
- ঘ) 'কৃষ্ণনগর' প্রবন্ধে প্রাবন্ধিক কুমোরদের শিল্পকলার যে বর্ণনা দিয়েছেন তার সংক্ষিপ্ত পরিচয় দাও।

৩। যে-কোন দু'টি প্রশ্নের উত্তর দাও।

২ x ১০ = ২০

- ক) রবীন্দ্রনাথ বলেছেন – "আমি এসেছি যখন নতুন কাল সবে এসে নামল।" – 'রবীন্দ্র জীবনকথা' অবলম্বনে এই নতুন কালের পরিচয় দাও।
- খ) 'জীবনস্মৃতি' গ্রন্থটি প্রথাগত আত্মজীবনী নয় – আলোচনা করো।
- গ) 'আপনকথা' প্রবন্ধ গ্রন্থটিকে Autobiography বলা যেতে পারে কী? এ বিষয়ে তোমার মতামত ব্যক্ত করো।
- ঘ) 'আত্মকথা' প্রবন্ধ অবলম্বনে প্রাবন্ধিকের যশোর স্মৃতির পরিচয় দাও।